তারিখ: 15 MAR 2016
পৃষ্ঠা: ১৯ কলাম: 2

সমকাল

# জাবিতে ছাত্রলীগের র‍্যাগিংয়ের শিকার শতাধিক শিক্ষার্থী

■ জাবি প্রতিনিধি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) মীর মশাররফ হোসেন হলে ছাত্রলীগ কর্মীদের হাতে প্রথম বর্ষের শতাধিক শিক্ষার্থী র‍্যাগিংয়ের শিকার হয়েছেন বলে অভিযোগ পাওয়া গেছে। এ সময় রসায়ন বিভাগের প্রথম বর্ষের শরিফুল ইসলাম নামে এক ছাত্র অসুস্থ হয়ে পড়েন। পরে তাকে বিশ্ববিদ্যালয় মেডিকেল সেন্টারে চিকিৎসা দেওয়া হয়। গত রোববার রাতে হলের গণরুমে এ ঘটনা ঘটে।

এ ছাড়া গত শনিবার নবীন শিক্ষার্থীদের খোঁজখবর নিতে গিয়ে ছাত্রলীগ নেতাকর্মীদের হাতে লাঞ্ছনার শিকার হন হল প্রাধ্যক্ষ ওবায়দুর রহমান। এ বিষয়ে জানতে হল প্রাধ্যক্ষ অধ্যাপক ওবায়দুর রহমানের সঙ্গে ■ পৃষ্ঠা ১৫ : কলাম ৩



র‍্যাগিংয়ের প্রতিবাদে সোমবার জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে মানববন্ধনে অংশ নেন শিক্ষক ও শিক্ষার্থীরা ■ সমকাল

## জাবিতে ছাত্রলীগের

[১৯ পৃষ্ঠার পর]

একাধিকবার যোগাযোগের চেষ্টা করা হলেও তা সম্ভব হয়নি। প্রক্টর অধ্যাপক তপন কুমার সাহা বলেন, প্রক্টোরিয়াল টিমের সদস্যরা এ বিষয়ে খোঁজখবর নিচ্ছেন।

এদিকে, গতকাল সোমবার র‍্যাগিংয়ের প্রতিবাদে বিশ্ববিদ্যালয়ে মানববন্ধন করেছেন প্রতিষ্ঠানটির প্রায় অর্ধশত শিক্ষক-শিক্ষার্থী। গতকাল সোমবার দুপুরে উপাচার্যের কার্যালয়ের সামনে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়। পরে একটি প্রতিনিধি দল উপাচার্যের সঙ্গে দেখা করলে জড়িতদের সর্বোচ্চ শাস্তি নিশ্চিত করা হবে বলে আশ্বস্ত করেন উপাচার্য।